গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ০৫.১১.২০২৫ খ্রি.

# ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) ১ম বর্ষের ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের মুরারিচাঁদ কলেজ, সিলেট-এ তিন বছর মেয়াদী ১ম বর্ষ বি.এ (পাস), বি.এস.এস (পাস) ও বি.এসসি (পাস) কোর্সে ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত ১ম মেধা তালিকায় মনোনয়ন প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তির তফসীল নিম্নে প্রদত্ত হলো:

১। (ক) মনোনীত প্রার্থী www.nu.ac.bd/admissions ওয়েবসাইটে চূড়ান্ত ভর্তির ফরম পূরণ করবে, মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে চাইলে ভর্তির আবেদন ফরমের কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে টিক চিহ্ন দিতে হবে।

(খ) প্রতিটি শিক্ষার্থীকে অনলাইনের চূড়ান্ত ভর্তি ফরম উত্তোলনের পর তার প্রার্থিত কোর্সে ভর্তির জন্য বিষয়গুচ্ছ থেকে সতকর্তার সাথে ০৩ টি নৈর্বাচনিক বিষয় নিবার্চন করতে হবে এবং https://mccollege.eshiksaems.com ওয়েব সাইটে বিষয় নিশ্চায়ন করতে হবে।

ভর্তি ফি এর বিবরণ

| ক্রমিক | গ্রুপ | মুসলিম শিক্ষার্থী | অন্যান্য ধর্মাবলম্বী |
|---|---|---|---|
| ০১ | বি.এ, বি.এস.এস | ৪৫২০/- | ৪৫২৫/- |
| ০২ | বি.এসসি | ৪৬২০/- | ৪৬২৫/- |

২। কলেজের ভর্তির ওয়েবসাইট https://mccollege.eshiksaems.com এড্রেসে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি ফি বিকাশ/রকেট-১৮৯২/Cellfin/সোনালী ই-সেবা এর মাধ্যমে প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার SMS যাবে।

## অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা-

- কলেজের ভর্তির ওয়েবসাইট https://mccollege.eshiksaems.comএ প্রবেশ করে নিম্নোক্ত User Name ও Password দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।
- User Name ঃ mcstudent, Passwordঃ mcstudent দিয়ে Sign In করতে হবে।
- এর পর Admission এ ক্লিক করে Click for New Admission এ ক্লিক করতে হবে।
- Select Department (B.A,/B.S.S/ B.Sc) এর মধ্যে যে যে গ্রুপের সেটি সিলেক্ট করতে হবে এবং Enter Admission Roll (7 Digit জাতীয় বিশ্ববিদ্যালয় রেজাল্টে Admission Roll আছে) ঘর দুটি পূর্ণ করে Check for Admission এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে চাহিত তথ্যাদি প্রদান করে Save বাটন ক্লিক করতে হবে। (ফরমের প্রতিটি ঘরের তথ্য পূরণ না করলে Save বাটন কাজ করবে না)।
- ভর্তি ফরমে অবশ্যই সদ্য তোলা ছবি আপলোড করতে হবে। ভর্তি ফি প্রদান করে Application Form Reprint অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ২ (দুই) কপি প্রিন্ট করে নিজের কাছে সংগ্রহে রাখতে হবে। (প্রয়োজন হলে ১ কপি কলেজে জমা দিতে হবে) এখানেই ভর্তি প্রক্রিয়া শেষ। উল্লেখ্য যে, ভর্তি নিশ্চায়নের তালিকা কলেজ এর ওয়েবসাইটে (www.mccollege.edu.bd) আপলোড করা হবে কোন সমস্যা হলে (চূড়ান্ত নিশ্চয়নের পূর্বে) সাথে সাথে কলেজে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

৩। স্নাতক (পাস) শ্রেণির ক্লাস আগামী ২০ নভেম্বর ২০২৫ তারিখ থেকে শুরু হবে।

কলেজে ভর্তি বিষয় ওয়েবসাইট ( https://mccollege.eshiksaems.com) এ ফরম পূরণ ও টাকা জমাদানের সময়সূচি:

| জমাদানের তারিখ | কোর্স | মেধাতালিকায় ক্রমিক | সর্বশেষ জমাদানের সময় |
|---|---|---|---|
| ০৬.১১.২০২৫ থেকে ১৬.১১.২০২৫ | বি.এ, বি.এস.এস ও বি.এসসি | ১ম মেধা তালিকায় মনোনীত সকল আবেদনকারী | ১৬.১১.২০২৫ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত |

৪। বিএ/বিএসএস/বিএসসি এর বিষয়গুচ্ছ ভালভাবে দেখে বিষয় বিষয় নির্বাচন করতে হবে, বিষয় নির্বাচনের ক্ষেত্রে গুচ্ছের নিয়মের ব্যতিক্রম হলে পরবর্তীতে বিষয় সংক্রান্ত কোন জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ডিগ্রী পাস কোর্সের বিষয়গুচ্ছ সমূহ:

| কোর্স | বিষয়ের নাম ও বিষয় কোড |
|---|---|
| বি.এ (পাস) | আবশ্যিক : বাংলা, ইংরেজি ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস<br>নিম্নের যে কোন গুচ্ছ থেকে একটি করে মোট ৩টি বিষয় নিতে হবে।<br>(কোন গুচ্ছ থেকে একাধিক বিষয় নেয়া যাবে না)<br>ক) ইতিহাস-১৫০৩, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১৬০১<br>খ) দর্শন-১৭০১<br>গ) রাষ্ট্রবিজ্ঞান-১৯০১, সমাজবিজ্ঞান-২০০১, অর্থনীতি-২২০১<br>ঘ) গণিত-৩৭০১, ইসলামী শিক্ষা-১৮০১, মনোবিজ্ঞান-৩৪০১ |
| বি.এস.এস (পাস) | আবশ্যিক : বাংলা, ইংরেজি ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস<br>'ক' গুচ্ছ থেকে ২টি এবং 'খ' গুচ্ছের যে কোন ১ টি বিষয়সহ মোট ৩টি বিষয় নিতে হবে।<br>ক) রাষ্ট্রবিজ্ঞান-১৯০১, সমাজবিজ্ঞান-২০০১, অর্থনীতি-২২০১<br>খ) ইতিহাস-১৫০৩, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১৬০১, দর্শন-১৭০১, ইসলামী শিক্ষা-১৮০১ মনোবিজ্ঞান-৩৪০১, গণিত-৩৭০১ |
| বি.এস.সি (পাস) | আবশ্যিক : বাংলা, ইংরেজি ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস<br>'ক' গুচ্ছ হতে ২টি এবং 'খ' গুচ্ছ হতে ১টি অথবা 'গ' গুচ্ছ হতে ২টি ও'ঘ' গুচ্ছ হতে ১টি করে মোট ৩টি বিষয় নির্বাচন করতে হবে।<br>ক) পদার্থবিজ্ঞান-২৭০১ ও গণিত-৩৭০১<br>খ) রসায়ন-২৮০১, উদ্ভিদবিজ্ঞান-৩০০১ প্রাণিবিজ্ঞান-৩১০১ ,মনোবিজ্ঞান-৩৪০১, পরিসংখ্যান-৩৬০১<br>অথবা<br>গ) উদ্ভিদবিজ্ঞান-৩০০১ ও প্রাণিবিজ্ঞান-৩১০১<br>ঘ) পদার্থবিজ্ঞান-২৭০১, গণিত-৩৭০১, রসায়ন-২৮০১, মনোবিজ্ঞান-৩৪০১, পরিসংখ্যান-৩৬০১ |

বি:দ্র: ১. ভর্তি প্রক্রিয়া অনলাইনভিত্তিক হওয়ায় মূল নম্বরপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র কলেজে জমা দেওয়ার প্রয়োজন নেই।

২. ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে (https://mccollege.eshiksaems.com) ফরম পূরণ করে বিকাশ/রকেট-১৮৯২/ Cellfin /সোনালী ই-সেবার মাধ্যমে টাকা জমাদানপূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্য শিক্ষার্থীদের নির্দেশ দেয়া গেল।

অধ্যক্ষ
মুরারিচাঁদ কলেজ, সিলেট